যুগান্তর

তারিখ 2 0 MAY 2016
পৃষ্ঠা কলাম

# ওই শিক্ষক চাইলে আইনি সহায়তা দেবে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি

যুগান্তর রিপোর্ট

নারায়ণগঞ্জের বন্দরে লাঞ্ছনার শিকার শিক্ষক শ্যামল কান্তি চাইলে আইনি সহায়তা দেয়া হবে বলে জানিয়েছেন সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন। এ ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তিও দাবি করেছেন আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের এ সদস্য। বৃহস্পতিবার সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে অ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন এ কথা বলেন। তিনি বলেন, শিক্ষক শ্যামল কান্তিকে কান ধরে উঠবোস করিয়ে শুধু তাকে অপমানিত করা হয়নি, ওই দৃশ্য দেখে দেশবাসীও অপমানিত হয়েছেন। এ ঘৃণ্য অপরাধের সঙ্গে যেসব ব্যক্তি জড়িত, তাদের সবাইকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবি জানাচ্ছি।

শ্যামল কান্তিকে কান ধরে উঠবোস করানোর ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়। ফেসবুকে চলে অভিনব প্রতিবাদ। আলোচনা-সমালোচনার মধ্যেই মঙ্গলবার খবর আসে ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরে অবশ্য ওই শিক্ষকের বরখাস্তের আদেশ অবৈধ ঘোষণা করে সরকার।

ইউসুফ হোসেন হুমায়ুন বলেন, এ ঘটনায় নির্যাতনের মামলা হতে পারে, মানহানির মামলা হতে পারে। যদি শ্যামল কান্তি আইনি সহায়তা চান, তাহলে স্বপ্রণোদিত হয়ে আইনি সহায়তা দেয়া হবে। সমিতির পক্ষ থেকে দেয়া লিখিত বক্তব্যে বলা হয়, একজন শিক্ষক, যিনি মানুষ গড়ার কারিগর, তাকে যেভাবে অপমান ও লাঞ্ছিত করা হয়েছে, সে অপমানে দেশবাসী অপমানিত হয়েছে বলে আমরা মনে করি। এ জন্য সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি মর্মাহত হয়ে এর তীব্র প্রতিবাদ জানাচ্ছে। সমিতির সম্পাদক ও বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ব্যারিস্টার এএম মাহবুব উদ্দিন খোকনের সঞ্চালনায় সংবাদ সম্মেলনে সমিতির কোষাধ্যক্ষ রমজান আলী সিকদার, সহ-সম্পাদক একেএম রবিউল হাসান সুমন, সাবেক সম্পাদক অ্যাডভোকেট মমতাজ উদ্দিন আহমদ মেহেদী প্রমুখ উপস্থিত ছিলেন।